

# বি এস ফোর অ্যান্সাসাডর মিলবে প্রায় পাঁচ লাখে

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: নয়া বি এস ফোর মডেলের ডিজেল অ্যান্সাসাডর বাজারে আনার কথা আগেই ঘোষণা করেছিল হিন্দুস্থান মোটরস লিমিটেড। এবার ওই গাড়ির দামও জানিয়ে দিল তারা। কলকাতায় এই গাড়ির দাম পড়বে ৪ লক্ষ ৯৭ হাজার ৮৭৬ টাকা (এক্স-শোরুম)। প্রসঙ্গত, রাজ্য সরকার ২ হাজার 'নোরিফিউজাল ট্যাক্সি'-র পারমিট দিতে শুরু করেছে। আগামী নভেম্বরে আরও ২ হাজার ট্যাক্সির পারমিট দেওয়া হবে। ট্যাক্সির মালিকদের কাছে তাদের ট্যাক্সি জনপ্রিয় হবে বলে আশাবাদী কর্তৃপক্ষ। বিভিন্ন ট্যাক্সি মালিকদের সংগঠন ইতিমধ্যেই নয়া গাড়ির প্রশংসা করেছে বলে জানিয়েছে তারা।